দৈনিক সংবাদ

০৯/০৯/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৭

# ফুলবাড়িতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা ৩ মাস ধরে বেতন পাচ্ছেন না

ফুলবাড়ি (দিনাজপুর) থেকে সংবাদ-দাতা ঃ ফুলবাড়ি উপজেলার বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা ৩ মাস ধরে বেতন ভাতা না পেয়ে পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছেন।

প্রাপ্ত তথ্যে জানা গেছে, দিনাজপুর জেলার ফুলবাড়ি উপজেলার সকল বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের গত জুন, জুলাই ও আগস্ট মাসের বেতন বন্ধ থাকার কারণে উপজেলার অধিকাংশ শিক্ষক-কর্মচারী আর্থিক সংকটের দরুন ছেলেপেলে নিয়ে মানবেতর জীবন যাপন করছেন। এই প্রতিনিধির সাথে ২ জন স্কুল ও কলেজ শিক্ষকের কথা হলে জানা যায়, দেশের উপজেলা পর্যায়ের বেশিরভাগ স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীর বেতন বলে ধরে নেয়া হয় সরকারি বরাদ্দের ৯০ শতাংশ টাকা। আর বাকি ১০ শতাংশ টাকা স্কুল, কলেজের ছাত্র/ছাত্রীর মাসিক বেতন থেকে আসে। কিন্তু ছাত্র/ছাত্রীর বেতন নিয়মিত পরিশোধ না হওয়ার কারণে এই ১০ শতাংশও সঠিকভাবে পান না শিক্ষক-কর্মচারীরা। অপরদিকে সরকার ঘোষিত ৯০ শতাংশ বেতনের টাকা সময়মত পাওয়া যায় না, ফলে মাসের পর মাস এইভাবে বেতন ছাড়াই চলতে হয় শিক্ষক-কর্মচারীদের। আক্ষেপ করে শিক্ষক দু'জন বলেন, সরকার, সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ছাড়াও অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানে সময়মত বেতন প্রদান করলেও স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতন পরিশোধে যেন বিমাতাসুলভ আচরণ করা হচ্ছে। একইভাবে শিক্ষকদের বিভিন্ন দাবিদাওয়া নিয়ে সরকারের সাথে কথা বলার জন্য রয়েছে একটি সংগঠন কিন্তু এই সংগঠনও বিবৃতি দিয়েই দায় সারছে। শিক্ষক কর্মচারীর বেতন সঠিকভাবে পরিশোধের কোন উল্লেখযোগ্য ভূমিকা রাখছেন না এই সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ। ফলে শিক্ষক কর্মচারীরা ক্ষুব্ধ কেন্দ্রীয় নেতাদের ওপর।